



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সরকারি গণগ্রন্থাগার
লালমনিরহাট
www.publiclibrary.lalmonirhat.gov.bd

স্মারক নং-৪৩.২৬.৫২০০.০০১.২৩.০০১.১৮.৬৫

তারিখ : ০৩/১২/২০২২ খ্রি:।

মহান বিজয় দিবস ২০২২ উপলক্ষে রচনা ও বইপাঠ প্রতিযোগিতা

মহান বিজয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক লালমনিরহাট জেলা সরকারি গণগ্রন্থাগার কর্তৃক লালমনিরহাট জেলার বিভিন্ন স্কুল/কলেজের ছাত্র-ছাত্রী এবং সর্বসাধারণের জন্য রচনা ও বইপাঠ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। সকল প্রতিযোগীকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা :

ক্র নং	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	রচনা জমা দেওয়ার শেষ তারিখ
১		পঞ্চম-অষ্টম	আমাদের মহান বিজয় দিবস	১০০০	১৮/১২/২০২২ খ্রি: মধ্যে অফিস চলাকালীন সময়ে (বিকেল ৪টা পর্যন্ত) গ্রন্থাগারে জমা দিতে হবে।
২	খ	নবম – দ্বাদশ	মুক্তিযুদ্ধে নারী সমাজ	১২০০	
৩	গ	স্নাতক – স্নাতকোত্তর	বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও আন্তর্জাতিক সমর্থন	১৫০০	
৪	ঘ	সর্বসাধারণ	বিজয়ের ৫০ বছর ও বাংলাদেশের উৎখান	১৮০০	
৫	ঙ	বিশেষ (প্রতিবন্ধী)	বিজয়ের মহানায়ক বঙ্গবন্ধু	১০০০	


খ. বইপাঠ প্রতিযোগিতা :

ক্র: নং	গ্রুপ	শ্রেণি	বইপাঠ প্রতিযোগিতার জন্য নির্বাচিত বই	বইপাঠ প্রতিযোগিতার তারিখ, সময় ও স্থান
১।	ক	পঞ্চম-অষ্টম	আমাদের ছোট রাসেল সোনা -শেখ হাসিনা	১৮/১২/২০২২ খ্রি: বিকাল ৩-০০ টায় গ্রন্থাগারের নির্ধারিত বইটির উপর স্বশরীরে প্রতিযোগীদের উপস্থিতিতে বইপাঠ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

শর্তাবলি:

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্র-ছাত্রীদের রচনার ক্ষেত্রে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয় পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ লালমনিরহাট জেলা সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনায় শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

প্রয়োজনে মোবাইল নম্বর ০১৭২৭৮৩৭৪০৩ এ যোগাযোগ করা যেতে পারে।


(মো: আজহারুল ইসলাম)
লাইব্রেরিয়ান
জেলা সরকারি গণগ্রন্থাগার, লালমনিরহাট।
ফোন: ০২৫৮৯৯৮৬০৫০

সদয় অবগতি ও প্রচারের জন্য অনুরোধ করা হলো :

প্রাপক :

লালমনিরহাট।